

# যুগান্তর

## উচ্চশিক্ষায় আমরা পিছিয়ে পড়ছি

-ইউজিসি চেয়ারম্যান

প্রকাশ : ২৮ আগস্ট ২০১৯, ০০:০০ | প্রিন্ট সংস্করণ

 জাবি প্রতিনিধি

বাংলাদেশ বিশ্ববিদ্যালয় মঞ্জুরী কমিশনের (ইউজিসি) চেয়ারম্যান অধ্যাপক ড. কাজী শহীদুল্লাহ বলেছেন, উচ্চশিক্ষায় অন্যান্য দেশ আমাদের থেকে এগিয়ে যাচ্ছে আর আমরা পিছিয়ে পড়ছি। অন্যান্য দেশের সঙ্গে সমান্তরালে এগিয়ে যাওয়ার লক্ষ্যে শিক্ষা ক্ষেত্রে সমন্বয়যোগ্য বিষয় ও বিভাগ খোলার আমরা উদ্যোগ নেব।

মঙ্গলবার জাহাঙ্গীরনগর বিশ্ববিদ্যালয়ের জহির রায়হান মিলনায়তনের সেমিনার রুমে ‘কনজারভেশন অন নেচার টুওয়ার্ড এচিভিং এসডিজি’স শীর্ষক কর্মশালার উদ্বোধনী অনুষ্ঠানে প্রধান অতিথির বক্তব্যে তিনি এসব কথা বলেন।

বঙ্গবন্ধু শেখ মুজিবুর রহমান কৃষি বিশ্ববিদ্যালয়ের ভিসি অধ্যাপক ড. মো. গিয়াসউদ্দিন মিয়ার সভাপতিত্বে ও জাহাঙ্গীরনগর বিশ্ববিদ্যালয়ের এনইএফ স্কলারশিপ প্রতিনিধি অধ্যাপক ড. খবির উদ্দিনের সঞ্চালনায় অনুষ্ঠানে আরও বক্তব্য রাখেন জাহাঙ্গীরনগর বিশ্ববিদ্যালয়ের ভিসি অধ্যাপক ফারজানা ইসলাম, শেরে বাংলা কৃষি বিশ্ববিদ্যালয়ের ভিসি অধ্যাপক ড. কামাল উদ্দিন আহমেদ প্রমুখ।

ভারপ্রাপ্ত সম্পাদক : সাইফুল আলম, প্রকাশক : সালমা ইসলাম

প্রকাশক কর্তৃক ক-২৪৪ প্রগতি সরণি, কুড়িল (বিশ্বরোড), বারিধারা, ঢাকা-১২২৯ থেকে প্রকাশিত এবং যমুনা প্রিন্টিং এন্ড পাবলিশিং লিঃ থেকে মুদ্রিত।

পিএবিএক্স : ৯৮২৪০৫৪-৬১, রিপোর্টিং : ৯৮২৪০৭৩, বিজ্ঞাপন : ৯৮২৪০৬২, ফ্যাক্স : ৯৮২৪০৬৩, সার্কুলেশন : ৯৮২৪০৭২। ফ্যাক্স : ৯৮২৪০৬৬

E-mail: jugantor.mail@gmail.com

© সর্বস্বত্ব স্বত্বাধিকার সংরক্ষিত ২০০০-২০১৯ | এই ওয়েবসাইটের কোনো লেখা, ছবি, অডিও, ভিডিও অনুমতি ছাড়া ব্যবহার বেআইনি।